

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্বি) হেলথ কেয়ার সেন্টারে ডাক্তার, বেগম রোকেয়া হলের প্রভোস্ট ও হাউস টিউটর, ভেটেরিনারি অনুষদের ডিনের পদত্যাগ, স্বাস্থ্যকেন্দ্রের মানোন্নয়ন, অ্যাম্বুলেন্স সংখ্যা বৃদ্ধিসহ ৯ দফা দাবিতে লং মার্চ কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থী। উপাচার্য অধ্যাপক ড. লুৎফুল হাসান শিক্ষার্থীদের যৌক্তিক দাবিগুলো মেনে নেওয়ার আশাস দিলেও গতকাল ওই লং মার্চ কর্মসূচি পালন করেন তারা।

বিভিন্ন অনুষদীয় ছাত্র সমিতির নেতৃত্বে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে থেকে লং মার্চ শুরু করেন। পরে মাংস্যবিজ্ঞান অনুষদ ও পশুপালন অনুষদে চলমান ক্লাস পরীক্ষা এবং ভেটেরিনারি টিচিং হাসপাতালে ইন্টার্নশিপের কার্যক্রম বন্ধ করে দেন। সবশেষে লং মার্চ করে বিশ্ববিদ্যালয়ের হেলথ কেয়ার সেন্টারে গিয়ে বিক্ষেপ সমাবেশে মিলিত হন।

advertisement